# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 12-08-2025** **Time: 7.35 A.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) রাজ্যের প্রশাসনিক কাজকর্মে আই প্যাকের হস্তক্ষেপের অভিযোগ তুলে, তা নিয়ে তদন্তের দাবি জানিয়ে ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবকে চিঠি দিয়েছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

২) ভোটার তালিকায় গরমিলের অভিযোগে আধিকারিক এবং অন্যান্যদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার জন্য নির্বাচন কমিশনের সুপারিশ না মেনে অভ্যন্তরীণ তদন্ত শুরুর কথা জানিয়েছে রাজ্য সরকার।

৩) 'আমাদের পাড়া, আমাদের সমাধান' প্রকল্পের তদারকির জন্য ৩৯ জন মন্ত্রীকে জেলাভিত্তিক দায়িত্ব দেওয়া হয়েছে।

৪) বাঁকুড়ার সোনামুখীতে দুষ্কৃতিদের গুলিতে খুন হয়েছেন, এক তৃণমূল কংগ্রেস কর্মী।

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে বিজেপির বুথ সভাপতিকে খুনের অভিযোগ উঠেছে তাঁর বাবা ও ভাইয়ের বিরুদ্ধে।

৫) সংশোধনাগারগুলির বর্তমান পরিস্থিতি সহ একাধিক বিষয়ে চার সপ্তাহের মধ্যে রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের প্রশাসনিক কাজকর্মে তৃণমূল কংগ্রেসের পরামর্শদাতা সংস্থা আই প্যাকের হস্তক্ষেপের অভিযোগ তুলে, তা নিয়ে তদন্তের দাবি জানিয়ে ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবকে চিঠি দিয়েছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। চিঠিতে তিনি লিখেছেন, ওই সংস্থা প্রশাসনের শীর্ষস্তরের আধিকারিকদের জন্য নির্দেশিকা জারি করছে, যা অনৈতিক। এরফলে এদিকে যেমন ক্ষমতার অপব্যবহার হচ্ছে, তেমনই সরকারী টাকা ঘুরপথে ওই সংস্থার কোষাগারে পৌঁছে যাচ্ছে বলে বিরোধী দলনেতার অভিযোগ। জাতীয় তথ্য কেন্দ্রের মাধ্যমে এই ঘটনার বিস্তারিত তদন্তের দাবি জানিয়েছেন তিনি। যদিও তৃণমূল কংগ্রেসের তরফে এই অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন বলে দাবি করা হয়েছে।

oooooooooooooooooooooo

ভোটার তালিকায় গরমিলের অভিযোগে চার আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণের ব্যাপারে নির্বাচন কমিশনের সুপারিশ না মেনে অভ্যন্তরীণ তদন্ত শুরুর কথা জানিয়েছে রাজ্য সরকার। করেছে। গত ৫ ও ৮'ই আগস্ট নির্বাচন কমিশন এসংক্রান্ত যে চিঠি দিয়েছিল, তার ভিত্তিতেই রাজ্যের পদক্ষেপ। মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল নির্বাচন কমিশনকে পাঠানো চিঠিতে জানিয়েছেন, অভিযোগের পাশাপাশি ভোটার তালিকা সংশোধন প্রক্রিয়া, পদ্ধতি ও কার্যপ্রণালীরও বিস্তারিত পর্যালোচনা করা হবে।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, বিস্তারিত তদন্তের আগে কঠোর পদক্ষেপ গ্রহণ করলে তা' দীর্ঘদিন ধরে সততা ও দক্ষতার সঙ্গে কাজ করা আধিকারিকদের মনোবল ভেঙে দিতে পারে। একইসঙ্গে, এই ধরনের পদক্ষেপ নির্বাচনী দায়িত্ব ও প্রশাসনিক কাজে যুক্ত বৃহত্তর দলকেও প্রভাবিত করতে পারে।

তবে, প্রাথমিক পদক্ষেপ হিসেবে, ময়না কেন্দ্রের AERO সুদীপ্ত দাস এবং বারুইপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের ডেটা এন্ট্রি অপারেটর সুরজিৎ হালদারকে ভোটার তালিকা সংশোধন সহ নির্বাচন সম্পর্কিত যাবতীয় দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে বলে মুখ্যসচিব জানিয়েছেন। তিনি বলেন, তদন্ত সম্পন্ন হওয়ার পর বিস্তারিত 'অ্যাকশন টেকেন রিপোর্ট', নির্বাচন কমিশনে পাঠানো হবে।

এদিকে, বিজেপি নেতা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার স্বচ্ছতার সঙ্গে ভোটার তালিকা তৈরি এবং ভুয়ো ভোটারদের চিহ্নিত করার দাবি জানিয়েছে।

(বাইট – সুকান্ত)

oooooooooooooooooooooo

এস আই আর বন্ধ এবং ভোটার তালিকায় কার্চুপির অভিযোগে নতুন দিল্লিতে বিরোধীদের নির্বাচন কমিশনের দফতর ঘেরাও অভিযানের সময় কংগ্রেস নেতা ও বিরোধী জোটের সাংসদদের আটকের প্রতিবাদে প্রদেশ কংগ্রেস গত সন্ধ্যায় কলকাতায় বিক্ষোভ কর্মসূচী পালন করে। নির্বাচন কমিশনের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তুলে মৌলালী মোড়ে মিছিল করেন দলের নেতা কর্মীরা।

উল্লেখ্য, গতকাল কংগ্রেস,তৃণমূল কংগ্রেস, শিবসেনা, সমাজবাদী পার্টি সহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রায় ৩-শো জন সাংসদ নানা আঞ্চলিক ভাষায় লেখা প্ল্যাকার্ড নিয়ে মিছিল করে নির্বাচন সদনের প্রধান ফটকের কাছে পৌঁছলে, পুলিশ তাদের বাধা দেয়। রাস্তায় বসে বিক্ষোভ দেখান সাংসদরা। কিছুক্ষণ অবস্থান চলার পর দিল্লি পুলিশ রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী, মহুয়া মৈত্র সহ বিরোধী সাংসদদের আটক করে বাসে তোলে। এর জেরে অসুস্থ হয়ে পড়েন তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্র ও মিতালী বাগ। পরে তাদের ছেড়ে দেওয়া হয়।

oooooooooooooooooooooo

'আমাদের পাড়া, আমাদের সমাধান' প্রকল্পের তদারকির জন্য ৩৯ জন মন্ত্রীকে জেলাভিত্তিক দায়িত্ব দেওয়া হয়েছে। মন্ত্রিসভার বৈঠকে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, মন্ত্রীদের ভূমিকা ও কর্তব্য সংক্রান্ত নির্দেশিকা প্রদান করেন। সেখানে বলা হয়েছে, দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীদের সপ্তাহে অন্তত একবার শিবিরে যেতে হবে। প্রশাসনিক স্তরে জটিলতা বা সমস্যা দেখা দিলে, তা সমাধানের জন্য জেলাশাসকের সঙ্গে একজোট হয়ে কাজ করতে হবে। শিবির আয়োজনের কাজ সুষ্ঠু ভাবে বাস্তবায়িত হচ্ছে কি না, তা নিশ্চিত করতে জেলাশাসকের সঙ্গে নিয়মিত পর্যালোচনা বৈঠক করতেও বলা হয়েছে।

উল্লেখ্য, প্রকল্পের কাজের সুবিধার্থে রাজ্যের জেলাগুলিকে ৩৫টি সাংগঠনিক জেলায় ভাগ করা হয়েছে। এর মধ্যে ৪টি সাংগঠনিক জেলার দায়িত্বে দুজন করে মন্ত্রী রয়েছেন।

এদিকে,পুরুলিয়ার দিঘী অঞ্চলের ভুতাডি জুনিয়র হাইস্কুলে গতকাল পাড়ায় সমাধান শিবির আয়োজনের জন্য পরীক্ষা বাতিল হয়ে যাওয়ায় বিতর্ক দানা বেঁধেছে। বিদ্যালয় কর্তৃপক্ষের দাবি, বিষয়টি তাঁদের আগাম জানানো হয়নি। ফলে ছাত্রছাত্রীরা পরীক্ষা দিতে এসেও বাড়ি ফিরে যেতে বাধ্য হয়।

অন্যদিকে, স্থায়ী ও চুক্তি ভিত্তিক মিলিয়ে বিভিন্ন দপ্তরে ৬৩১ জন কর্মী নিয়োগের সিদ্ধান্তও গতকাল রাজ্য মন্ত্রীসভার বৈঠকে গৃহীত হয়েছে। আবাসন দপ্তরে ২৩টি, বিচার দপ্তরে ২২টি, এবং এসএসকেএম হাসপাতালের জন্য ১২২টি নতুন পদ তৈরির সিদ্ধান্তও নেওয়া হয়েছে । স্বাস্থ্য দপ্তরে ই মোবাইল মেডিকেল ইউনিট এটেনডেন্ট ও চালক মিলিয়ে ৪৬৪ জনকে চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটাতে সরকার, পশ্চিম মেদিনীপুরের শালবনীতে আটশো মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন আরও দুটি নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নিয়েছে। নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়। বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে এই কেন্দ্র দুটি তৈরির জন্য দরপত্র ডাকা হবে। মুর্শিদাবাদের সাগরদিঘীতে নবনির্মিত ৬০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্রটি কিছুদিনের মধ্যেই চালু হয়ে যাবে বলে তিনি জানান।

এদিকে, বাংলার দুর্গাপুজো ইউনেস্কোর স্বীকৃতি মেলার পরে সারা বছর দেশ বিদেশের পর্যটকদের সামনে এর ঐতিহ্য তুলে ধরতে একটি দুর্গাঙ্গন তৈরির প্রস্তাবও বৈঠকে গৃহীত হয়েছে। এইজন্যে হিডকো ও পর্যটন দপ্তরকে নিয়ে একটি ট্রাস্ট তৈরি

করা হবে। তাদের পক্ষ থেকে প্রস্তাব পাঠানো হলে, রাজ্য সরকার জমি দেবে বলে মন্ত্রী জানান।

oooooooooooooooooooooo

আরজিকর কান্ডের এক বছর পূর্ণ হওয়ার আগের দিন, গত ৮ই আগস্ট পুলিশের বিনা অনুমতিতে মিছিল করার অভিযোগে পাঠানো নোটিশের প্রেক্ষিতে গতকাল চিকিৎসক পূন্যব্রত গুন ও তমনাশ চৌধুরীক  ঠাকুরপুকুর থানায় হাজিরা দেন বলে সূত্রের খবর। ঠাকুরপুকুর থেকে কলেজস্ট্রিট পর্যন্ত  ওই সাইকেল মিছিলের ফলে জাতীয় সড়ক আইন লঙ্ঘিত হয়েছে বলে একাধিক ধারায় থানায় মামলা রুজু হয়। থানায় ডেকে পাঠানো হয় তাঁদের গাড়িচালকদেরও।

শ্রমিক সংগঠন AICCTU অবিলম্বে এই মামলা তুলে নেওয়ার দাবি জানিয়েছে। সংগঠনের রাজ্য সাধারণ সম্পাদক বাসুদেব বসু গতকাল এক বিবৃতিতে বলেন, খুন,ধর্ষণ,প্রমাণ লোপাট ও দুর্নীতির তদন্তে রাজ্য সরকারের প্রশাসনের ভূমিকা নীরব।  অথচ ন্যায় বিচারের দাবিতে যাঁরা পথে নেমেছেন তাঁদের এইভাবে হয়রানির শিকার হতে হচ্ছে।

oooooooooooooooooooooo

বাঁকুড়ার সোনামুখী থানার চকাই গ্রামে দুষ্কৃতিদের গুলিতে খুন হয়েছেন, এক তৃণমূল কংগ্রেস কর্মী। গতরাতে সেকেন্দার খান ওরফে সায়ন স্থানীয় পখন্না বাজার থেকে বাইকে করে বাড়ি ফিরছিলেন। পথে দুষ্কৃতিরা তাঁকে লক্ষ্য করে তিন রাউন্ড গুলি চালিয়ে চম্পট দেয়। ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন সেকেন্দার। তার পীঠে ও মাথায় গুলি লাগে। গোষ্ঠী দ্বন্দ্বের জেরেই এই ঘটনা বলে প্রাথমিক অনুমান।

এদিকে, দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে বিজেপির  বুথ সভাপতিকে খুনের অভিযোগ উঠেছে তাঁর বাবা ও ভাইয়ের বিরুদ্ধে। স্থানীয় বিজেপি নেতৃত্বের দাবি, নিহত রাজীব বিশ্বাসের বাবা নিতাই বিশ্বাস এবং তাঁর ভাই সন্দীপ সক্রিয় তৃণমূল কংগ্রেস কর্মী। তারাই গত ৮ই আগস্ট রাতে রাজীবকে প্রচন্ড  মারধোর করে।

পরদিন মৃত অবস্থায় তাঁকে বারুইপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয় বলে অভিযোগ। যদিও পারিবারিক বিবাদের জেরেই এই ঘটনা বলে শাসকদলের দাবি।

oooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে গরু পাচারকারী সন্দেহে কয়েকজনকে মারধরের ঘটনায় মূল অভিযুক্ত বিজেপির যুব মোর্চার নেতা পারিজাত গঙ্গোপাধ্যায়কে পুলিশ গ্রেপ্তার করেছে। ঝাড়খন্ডের ধানবাদ থেকে ধৃত পারিজাতকে গতকাল দুর্গাপুর আদালতে তোলা হলে পাঁচদিনের পুলিশি হেফাজতে পাঠানো হয়েছে। এই ঘটনায় পুলিশ এর আগে মোট ৯ জনকে গ্রেপ্তার করে।

উল্লেখ্য, গত ৩১ জুলাই দুর্গাপুরের গ্যামন ব্রিজের কাছে গরু বোঝাই পিক আপ ভ্যানটিকে দাঁড় করিয়ে চালক ও গাড়িতে থাকা কয়েকজনকে মারধর ও নিগ্রহের অভিযোগ ওঠে পারিজাত ও তার অনুগামীদের বিরুদ্ধে। লুট করা হয় তাদের টাকা পয়সাও। বাঁকুড়ার একটি হাট থেকে দুর্গাপুর হয়ে গাড়িটি জেমুয়া যাচ্ছিল। তাঁদের কাছে বৈধ কাগজপত্র ছিল বলেও জানা গেছে।

oooooooooooooooooooooo

পুরুলিয়ার সুইসা স্টেশনের কাছে রেল লাইনের উপর থেকে ২ কন্যা সন্তান সহ এক মহিলার দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গেছে, কাজল মাছুয়ার নামে বছর ২৫ এর ওই মহিলা এবং তাঁর দুই নাবালিকা সন্তান ৮ বছরের রাখি ও ১২বছর বয়সী রাধা গত রবিবার বিকেল থেকে নিখোঁজ ছিলেন। গভীর রাতে দক্ষিণ - পূর্ব রেলের মুরি -চাণ্ডিল শাখার সুইসা রেলস্টেশন সংলগ্ন এলাকায় রেল লাইনে শায়িত অবস্থায় তিনজনের দেহ উদ্ধার হয় । কাজলের স্বামী পরিযায়ী শ্রমিক। পরিবারের তরফে খুনের অভযোগ দায়ের হয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যের সংশোধনাগারগুলির বর্তমান পরিস্থিতি সহ একাধিক বিষয়ে রাজ্যের কাছে বিস্তারিত রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট। চার সপ্তাহের মধ্যে

রাজ্যকে এ ব্যাপারে রিপোর্ট দাখিলের নির্দেশ দিয়েছেন দুই বিচারপতি দেবাংশু বসাক ও প্রসেনজিৎ বিশ্বাসের ডিভিশন বেঞ্চ।

উল্লেখ্য, বর্ষায় রাজ্যের বহু সংশোধনাগারে জল জমে থাকার জন্য তা বসবাসের অযোগ্য হয়ে পড়েছে বলে অভিযোগ জানানো হলে হাইকোর্ট স্বতপ্রনোদিত মামলা দায়ের করে। এর প্রেক্ষিতে আদালত রাজ্যের কাছে, বন্দীর সংখ্যা, আবাসিকদের জন্য প্রয়োজনীয় বিধি, নারী ও পুরুষ বন্দিদের জন্য আলাদা সুবিধা সহ একাধিক বিষয়ে রাজ্যের কাছে জবাব তলব করে। সে সংক্রান্ত রিপোর্টই সরকারকে জমা দিতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এখন থেকে মিটিং-মিছিল সংক্রান্ত মামলা জরুরি ভিত্তিতে নয়, জনস্বার্থ মামলা হিসেবে গ্রহণ করতে হবে বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। তারাতলায় শিবমন্দিরের সামনে গতকাল বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে আয়োজিত এক প্রতিবাদ সভার জন্য মামলা দায়েরের অনুমতি চান আইনজীবী ময়ুখ মুখার্জি। কিন্তু বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানান, এধরনের আর্জি, জনস্বার্থ মামলার জন্য নির্দিষ্ট ডিভিশন বেঞ্চে জানাতে। এরপরই গতকালের পরিবর্তে ওই প্রতিবাদ সভা ১৪'ই আগস্ট করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তার আগের দিন মামলাটি শুনবেন বিচারপতি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মৌসুমী অক্ষরেখার প্রভাবে আগামীকাল পর্যন্ত উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

এদিকে, আগামীকাল পশ্চিম মধ্য বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা। এর ফলে আজ থেকে উপকূলীয় জেলা গুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।